

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
জাহানাবাদ সেনানিবাস, খুলনা।
www.cbj.gov.bd

স্মারক নং- ২৩.২২.৭১২.০২৭.০৭.২৬.০১.২১-০৭

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২

তারিখ: -----।

৩১ মার্চ ২০২৬

পুনঃনিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্যান্টনমেন্ট বোর্ড জাহানাবাদ সেনানিবাসের পুরাতন জরাজির্ণ কঙ্কারভেসি ট্রাক ঢাকা মেট্রো-ড-১৪-১৯২৪ নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী দরদাতাগণ আগামী ০৮ এপ্রিল ২০২৬ তারিখ বেলা ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত ক্যান্টনমেন্ট বোর্ড অফিস জাহানাবাদ সেনানিবাসে রক্ষিত দরপত্র বাঞ্ছিত দরপত্র দাখিল করতে পারবেন। একই তারিখ বেলা ১১:১০ ঘটিকায় দরপত্র দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাঞ্ছিত খোলা হবে। নিলামের অন্যান্য তথ্যাদি ক্যান্টনমেন্ট বোর্ড জাহানাবাদ সেনানিবাস হতে জানা যাবে।

নিলামের শর্তাবলী

- ১। এ দপ্তর হতে সংগ্রহকৃত ফরমে দরপত্র দাতার নাম, পিতার নাম, পূর্ণ ঠিকানা (অস্থায়ী এবং স্থায়ী) মোবাইল নম্বরসহ স্পষ্টভাবে লিখতে হবে।
- ২। প্রদত্ত দর স্পষ্টভাবে অংকে ও কথায় লিখতে হবে। দরপত্রে উল্লিখিত দর কাটাকাটি/ঘষামাজা করা যাবে না।
- ৩। দরপত্র দাতাকে দরপত্রের সাথে জামানত হিসাবে প্রদত্ত দরের ২৫% সমপরিমাণ অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ক্যান্টনমেন্ট বোর্ড, জাহানাবাদ সেনানিবাসের অনুকূলে জমা করতে হবে। সর্বোচ্চ দরদাতা ব্যতীত অন্যান্য দরদাতাকে দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেয়া হবে।
- ৪। দরপত্রে ব্যাংক ড্রাফট নং, টাকার পরিমাণ ও ব্যাংকের নাম উল্লেখ করতে হবে।
- ৫। দরপত্র গৃহীত হলে ০৩ (তিন) দিনের মধ্যে সমুদয় অর্থ (জামানত সমন্বয়পূর্বক) ৫% উৎসে আয়কর এবং ১৫% ভ্যাটসহ পে-অর্ডার/নগদ অর্থ এ দপ্তরে জমা প্রদান করতে হবে।
- ৬। প্রাপ্ত সর্বোচ্চ বৈধ দর যথেষ্ট বিবেচিত না হলে কর্তৃপক্ষ উক্তদর বহাল রেখে পুনঃবিজ্ঞপ্তি আহ্বান করতে পারবেন।
- ৭। ট্রাক পরিদর্শনের জন্য অফিস চলাকালীন সময়ে এ দপ্তরে যোগাযোগ করার জন্য বলা হলো।
- ৮। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরদাতার দরপত্র গ্রহণ/বিবেচনা করা হবে না।
- ৯। কোন কারণ দর্শনো ব্যতিরেকে দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(স্বাক্ষরিত)

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
জাহানাবাদ সেনানিবাস, খুলনা।

☎ ০২৪৭৭০৭০২২

অনুলিপিঃ সদয় অবগতির জন্য:

- ১। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।
 - ২। স্টেশন সদর দপ্তর, জাহানাবাদ সেনানিবাস, খুলনা
 - ৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (-----)
 - ৪। এজিই (আর্মি), জাহানাবাদ সেনানিবাস, খুলনা
 - ৫। নোটিশ বোর্ড/ওয়েবসাইট ক্যান্টনমেন্ট বোর্ড, জাহানাবাদ সেনানিবাস, খুলনা।
- নির্ধারিত তারিখ ও সময়ে জিডিও এবং আপনার একজন প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- নির্ধারিত তারিখ ও সময়ে আপনার একজন প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।